

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২২

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - মোজার উপর মাসাহ করা

আরবী

وَعنهُ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يمسح على الْخُفَيْنِ على ظاهرهما. رَوَاهُ التِّرْمِذِيِّ وَأَبُو دَاؤُد

বাংলা

৫২২-[৬] উক্ত রাবী [মুগীরাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি তিনি তাঁর দু'টো মোজার উপরের দিকে মাসাহ করেছেন। (তিরমিযী ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৬৪, তিরমিযী ৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস প্রমাণ করে যে, মোজার উপরে মাসাহ করতে হবে। হাদীসটি ইমাম তিরমিয়ী (রহঃ) হাসান বলেছেন এবং হাকিম, ইবনু হাজার সহীহ বলেছেন। আর ইমাম বুখারী হাদীসটি তার তারীখে আওসাত-এর মধ্যে উল্লেখ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন